বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
ঋণ শ্রেণিবিন্যাস বিভাগ।
ফোনঃ ৯৫১৪৯১২, E-mail: dgmlcd@krishibank.org.bd

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২২-২৩/১৪৪(২২৫০) তারিখ ঃ ২০-১২-২০২২

মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়
উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ **ঋণ শ্রেণীকরণ প্রসংঙ্গে।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ১৮-১২-২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং ৫১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ২২-০৬-২০২২ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার নং ১৪ এর অনুচ্ছেদ ৩.১ অনুযায়ি জাতীয় শিল্পনীতি ২০১৬ এর অধ্যায়-৩ এ বর্নিত সংজ্ঞানুযায়ী 'বৃহৎ শিল্প' প্রতিষ্ঠানসমূহের (অপর পৃষ্ঠায় দৃষ্টব্য) অনুকূলে বিতরণকৃত অশ্রেণিকৃত মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ৭৫% ডিসেম্বর/২০২২ ত্রৈমাসিক শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। বর্হিঃবিশ্বে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ায় এর দীর্ঘ মেয়াদী নেতিবাচক প্রভাবে শিল্পের উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে ফলশ্রুতিতে ঋনগ্রহীতাদের প্রকৃত আয় হ্রাস পেয়েছে। এক্ষণে, দেশের অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল রাখা এবং ঋণগ্রহীতাদের ঋণের কিস্তি পরিশোধ সহজতর করার নিমিত্ত নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হয়েছেঃ

"মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যনতম ৭৫% এর পরিবর্তে ৫০% ডিসেম্বর/২০২২ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ যাবে না।"

***অর্থাৎ বিআরপিডি সার্কুলার নং ১৪ অনুযায়ী ডিসেম্বর/২০২২ মাসের শেষ কর্মদিবস পর্যন্ত উপরোল্লিখিত কোন ১(এক)টি মেয়াদী ঋণের যতগুলো অনাদায়ী কিস্তি রয়েছে তার পরিমাণ যদি ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা মাত্র হয় তাহলে ৭৫% এ ৭৫,০০০/- (পচাঁত্তর হাজার) টাকা মাত্র আদায়ের প্রয়োজনীয়তা ছিল কিন্তু বিআরপিডি সার্কুলার লেটার নং ৫১ অনুযায়ী বর্তমানে ৫০% এ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা মাত্র পরিশোধ করা হলে উক্ত ঋণটি বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।***

০৪। উপরোক্ত লেটারে বর্ণিত সুবিধাসহ বিআরপিডি ১৪ সার্কুলারের মাধ্যমে সুবিধাপ্রাপ্ত মেয়াদী ঋণসমূহের এপ্রিল/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত কিস্তি/কিস্তিসমূহের অপিরিশোধিত অংশ বিদ্যমান ঋণের পূর্বনির্ধারিত মেয়াদ (৩১-১২-২০২২) শেষ হওয়ার পরবর্তী ০১ (এক) বছরের মধ্যে সমকিস্তিতে (মাসিক/ত্রৈমাসিক) প্রদেয় হবে। তবে ব্যাংকার গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট মেয়াদকালের সাথে বর্ধিত ০১(এক) বছর সময়কে বিবেচনায় নিয়ে কিস্তি পুনঃনির্ধারণপূর্বক নতুন সূচি অনুযায়ী আদায় করা যাবে।

০৫। এছাড়া বিআরপিডি ১৪ সাকুলারের অন্যান্য নির্দেশনা অপিরবর্তিত থাকবে।

০৬। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারী করা হয়েছে।

০৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ ০১ (এক)।

আপনার বিশ্বস্ত,

20/12/2022

(মোঃ আকতার হোসেন)
উপ- মহাব্যবস্থাপক

নং-প্রকা/সিএল-১(পলিসি)/২০২২-২৩/২৪৪(১২৫০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।

০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/সচিব/অধ্যক্ষ, বিকেবি, প্রকা, ঢাকা।

০৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। **তাঁকে আলোচ্য পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

০৮। নথি/মহানথি।

২০/১২/২০২২

(মোহাম্মদ শামসুল আলম)
সহকারী মহাব্যবস্থাপক

**জাতীয় শিল্পনীতি ২০১৬ এর অধ্যায়-৩ এ বর্নিত 'বৃহৎ শিল্প' এর সংজ্ঞাঃ**

৩.৩.১। ম্যানুফ্যাকচারিংয়ের ক্ষেত্রে 'বৃহৎ শিল্প' (Large Industry) বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতীত স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ (Replacement Cost) ৫০ কোটি টাকার অধিক কিংবা তৈরি পোশাক/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠান ব্যতীত যেসব শিল্প প্রতিষ্ঠানে ৩০০ জনের অধিক শ্রমিক নিয়োজিত রয়েছে। যে সকল তৈরি পোশাক/শ্রমঘন শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকের সংখ্যা ১০০০ এর অধিক কেবল সে সকল তৈরি পোশাক শিল্প বৃহৎ শিল্পের অন্তভূক্ত হবে।

৩.৩.২। সেবা শিল্পের ক্ষেত্রে 'বৃহৎ শিল্প' বলতে সেসব শিল্প প্রতিষ্ঠানকে বোঝাবে যেসব প্রতিষ্ঠানে জমি এবং কারখানা ভবন ব্যতিরেকে স্থায়ী সম্পদের মূল্য প্রতিস্থাপন ব্যয়সহ ৫০ কোটি টাকার অধিক কিংবা সেসব শিল্প প্রতিষ্ঠানে ১২০ জনের অধিক শ্রমিক নিয়োজিত রয়েছে।

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-৫১

১৮ ডিসেম্বর ২০২২
তারিখ: -----------------
০৩ পৌষ ১৪২৯

**ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা**
**বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক**

প্রিয় মহোদয়,

**ঋণ শ্রেণিকরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে ২২ জুন ২০২২ তারিখে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে অশ্রেণিকৃত মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ৭৫% ডিসেম্বর/২০২২ ত্রৈমাসিকের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।

৩। বহিঃবিশ্বে যুদ্ধাবস্থা প্রলম্বিত হওয়ায় এর দীর্ঘ মেয়াদী নেতিবাচক প্রভাবে শিল্পের উৎপাদন ব্যয় বৃদ্ধি পেয়েছে। ফলশ্রুতিতে ঋণগ্রহীতাদের প্রকৃত আয় হ্রাস পেয়েছে। এক্ষণে, দেশের অর্থনৈতিক কর্মকান্ড গতিশীল রাখা এবং ঋণগ্রহীতাদের ঋণের কিস্তি পরিশোধ সহজতর করার নিমিত্ত এই মর্মে নির্দেশনা প্রদান করা যাচ্ছে যে, **মেয়াদী ঋণের বিপরীতে অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২ সময়কাল পর্যন্ত প্রদেয় কিস্তিসমূহের ন্যূনতম ৭৫% এর পরিবর্তে ৫০% ডিসেম্বর/২০২২ মাসের শেষ কর্মদিবসের মধ্যে পরিশোধ করা হলে উক্ত ঋণসমূহ বিরূপমানে শ্রেণিকরণ করা যাবে না।**

৪। অত্র সার্কুলার লেটারে বর্ণিত সুবিধাসহ সূত্রোক্ত সার্কুলারের মাধ্যমে সুবিধাপ্রাপ্ত মেয়াদী ঋণসমূহের এপ্রিল/২০২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত প্রদেয় কিস্তি/কিস্তিসমূহের অপরিশোধিত অংশ বিদ্যমান ঋণের পূর্বনির্ধারিত মেয়াদ শেষ হওয়ার পরবর্তী ০১(এক) বছরের মধ্যে সমকিস্তিতে (মাসিক/ত্রৈমাসিক) প্রদেয় হবে। তবে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে অবশিষ্ট মেয়াদকালের সাথে বর্ধিত ০১(এক) বছর সময়কে বিবেচনায় নিয়ে কিস্তি পুনঃনির্ধারণপূর্বক নতুন সূচি অনুযায়ী আদায় করা যাবে।

৫। এছাড়া সূত্রোক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

৭। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২